


ভর্তি

বুয়েটে ভর্তিতে প্রাক্-নির্বাচনী পরীক্ষার যোগ্যদের তালিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বুয়েটে স্নাতকে ভর্তির প্রাক্-নির্বাচনী পরীক্ষার যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে ছবি : বুয়েটের ওয়েবসাইট থেকে নেওয়া

২০২২-২৩ শিক্ষাবর্ষে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) স্নাতকে ভর্তির প্রাক্-নির্বাচনী পরীক্ষার যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশিত হয়েছে। গতকাল রোববার বুয়েটের ওয়েবসাইটে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে। প্রাথমিক বাছাইয়ের জন্য আগামী ২০ মে ২ শিফটে প্রাক্-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আগামী ১০ জুন চূড়ান্ত ভর্তি পরীক্ষায় অংশ নেবেন।

আসনসংখ্যা

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের প্রকৌশল বিভাগ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা

ভর্তি পরীক্ষা হবে।

চূড়ান্ত ভর্তি পরীক্ষা কবে

প্রাথমিক বাছাইয়ের জন্য প্রাক-নির্বাচনী পরীক্ষা ২ শিফটে নেওয়া হবে আগামী ২০ মে। 'ক' ও 'খ' গ্রুপের জন্য মোট ১০০ নম্বরের ১ ঘণ্টার এমসিকিউ পরীক্ষা হবে। প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টা থেকে ও দ্বিতীয় শিফটের পরীক্ষা বেলা ৩টা থেকে।

প্রাক-নির্বাচনী পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে প্রশ্নের মানের দশমিক ২৫ শতাংশ নম্বর কেটে নেওয়া হবে। ২৭ মে মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নাম প্রকাশ করবে বুয়েট। পরে ১০ জুন মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মূল ভর্তি পরীক্ষার দিন সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মডিউল-এ-এর 'ক' ও 'খ' গ্রুপের জন্য গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন পরীক্ষা। বেলা ২টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত মডিউল-বি-এর 'খ' গ্রুপের মুক্তহস্ত অঙ্কন এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি পরীক্ষা। এরপর আগামী ২৬ জুন নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে।

এর আগে চলতি বছরের বুয়েটে ভর্তির আবেদন শুরু হয় ১ মার্চ সকাল ১০টা থেকে। শিক্ষার্থীদের জন্য আবেদনের সময় ছিল ১২ মার্চ বেলা ৩টা পর্যন্ত।

*প্রথম শিফটে প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারীদের তালিকা

*দ্বিতীয় শিফটে প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারীদের তালিকা



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো